AN EASY TRANSLATION

Intended for Classes IV & V of Primary Schools, West Bengal.

AN EASY TRANSLATION

An Elementary book on Translation and Composition.

(Written in accordance with the New Syllabus)

By

P. N. CHATTERJEE, B. A., B. T.

Assistant Teacher, Town School, Calcutta ; Examiner in English, School Final Examination, Secondary Board of Education, West Bengal ; Formerly Head Master, Ishibpur H. E. School (Govt. aided), Dt. Faridpur, East Pakistan.

To be had at :—

RABINDRA LIBRARY
15/2, Shyamacharan De Street,
Calcutta—12.

VIDYASAGAR BOOK-STALL
41, Sankar Ghosh Lane,
Calcutta—6.

Published by
THE AUTHOR
From 33, Shyampookur St.,
Calcutta—4.

Price Annas Twelve only.

Printed by
GOUR CHANDRA PAUL,
NEW MAHAMAYA PRESS
65/7, College Street, Calcutta—12.

PREFACE

An Easy Translation contains elementary lessons in translation and composition and has been written for classes IV and V of Primary Schools, West Bengal. In writing this book I have to keep in mind the syllabuses of English announced by West Bengal Government.

Most of the elementary books on Translation are really books on Grammar with exercises in translation. I have always in my mind the peculiarities of our mother tongue in rendering to English. In grading the lessons, I have accordingly in view the primary needs of our young learners while translating Bengali into English. In this task the Tense occupies the most prominent place and it has been adequately and effectively dealt with. The lessons in composition have also been made lively and interesting. The book embodies in itself the results of my experience as a teacher of English in all classes for over 20 years both in distant villages and in Calcutta.

TOWN SCHOOL,
33, Shyampukur Street,
Calcutta—4.
7. 12. 53.

Author.

CONTENTS

Part I—(*Translation*)

Part II—(*Composition*)

Appendix

AN EASY TRANSLATION

PART—I

LESSON I

Some Pronouns

I—আমি	We—আমরা
My, Mine—আমার	Our, Ours—আমাদের
Me—আমাকে	Us—আমাদিগকে
You—তুমি, আপনি	You—তোমরা
Your, Yours—তোমার	Your, Yours—তোমাদের
You—তোমাকে	You—তোমাদিগকে
He—তিনি, সে (পুং) She—তিনি, সে (স্ত্রীং) It—ইহার	They—তাহারা, ইহারা
His—তাহার (পুং) Her—তাহার (স্ত্রীং) Its—ইহার	Their, Theirs—তাহাদের, ইহাদের
Him—তাহাকে (পুং) Her—তাহাকে (ত্রীং) It—ইহাকে	Them—তাহাদিগকে, ইহাদিগকে

This—এই These—এইগুলি
That—ঐ Those—ঐগুলি

আমার বাড়ী—My house. তোমার গাড়ী—Your car. তাহার (পুং) লাটিম—His top. তাহার (স্ত্রীং) পুতুল—Her doll. তাহার (পুং) বই—His books. ইহার নাক—Its nose. এই (হয়—is) আমার কলম—This is my pen. এই কুকুরগুলি (হয়-are) আমার—These dogs are mine. ঐ (হয়—is) তোমার বাড়ী—That is your house. ঐ বলগুলি (হয়—are) তোমাদের—Those balls are yours.

Exercises

বাংলা কর :—

My cat. Your dog. His chair. Her child. Their books. Its tail. That book is his. These pens are theirs.

ইংরেজি কর :—

এইটি (হয়) আমাদের স্কুল। এই স্কুলটি (হয়) আমাদের। ঐগুলি (Those) (হয়) আমাদের বাগান (gardens)। ঐ বাগানগুলি (হয়) আমাদের। এইটি (হয়) তাহার (স্ত্রীং) শিশু। ঐ কুকুরগুলি (হয়) আমার। ঐগুলি (হয়) আমার কুকুর।

LESSON II

A

Possessive of Nouns

রামের পেন্সিল— Ram's pencil.

হরির শ্লেট— Hari's slate.

সিংহের থাবা— { The lion's paw. / The paw of the lion.

গাভীর দুগ্ধ— { Cow's milk. / The milk of the cow.

মানুষের খাদ্য— { Man's food. / The food of man.

মনে রাখ—সজীব পদার্থ বুঝাইলে Nounএর সহিত অন্য Noun-এর সম্বন্ধ দেখাইতে হইলে Apostrophe s ('s) বা Nounএর পূর্ব্বে 'of' ব্যবহার করা হয়।

Exercises

ইংরেজি কর :—

যদুর ভাই। শ্যাম (হয়) যদুর ভাই। মানুষের মাথা। ইহা (হয়) একটি মানুষের মাথা। আমি একটি পাখীর বাসা (nest) দেখি। রামের বাগানে আমি গিয়াছিলাম। শ্যামের বাড়ী তথায়।

B

ঘরের ছাদ ... The roof of the house.
গ্রামের নাম ... The name of the village.
ঘরের দরজা ... The door of the room.
গাছের ডাল ... The branches of the tree.

মনে রাখ—অচেতন পদার্থ বুঝাইলে, noun-এর পূর্ব্বে **'of'** বসাইয়া সম্বন্ধ (Possessive) প্রকাশ করা হয়।

Exercises

ইংরেজি বল ও লেখ :—

গাছটির ফল (হয়) মিষ্ট। তাহার মাথার চুল (হয়) সাদা (grey)। আমার বাক্সের চাবি ছোট। ঘরের দেওয়ালগুলি পুরু (thick)। নদীর জল ঘোলা (muddy)। এই বাগানের ফুল সুন্দর। গাড়ীর চাকাগুলি (wheels) গোল (round)। তোমাদের ক্লাসের টেবিলটি উঁচু (high)। ঐ বাড়ীর কুকুরটী সাদা (white)। এই পুকুরের মাছগুলি বড় (big)।

Revision

Exercises

ইংরেজি কর :—

এইখানি (হয়) হরির বাড়ী। এই বাড়ীখানি (হয়) হরির। গরুটি (হয়) তোমার। ঘোড়াটি (হয়) আমাদের। এই (হয়) আমাদের স্কুল। বাগানটি (হয়) তোমাদের। কুকুরটি (হয়) আমাদের। তোমার পেন্সিলটি (হয়) লাল। কাল ছাগলটি (goat) (হয়) তাহাদের।

সাদা বাড়ীখানা (হয়) তাহার। রামের কলমটি (হয়) কাল। বাঘের থাবা বড় জোরাল (strong)। গরুর দুগ্ধ সাদা। আমাদের ঘরের ছাদে জল পড়ে (leaky)। তোমাদের গ্রামের (village) নাম বিষ্ণুপুর। মধুর কলমটি লাল। চিনির স্বাদ (taste) মিষ্ট।

LESSON III

কাল—Tenses

বর্ত্তমান কাল—The Present Tense (*Indefinite*)

থাকা, হওয়া = am, is, are

A

আমি ভাল আছি = আমি (আছি) ভাল = **I am well.**

সে ভাল ছেলে = সে (হয়) (একটি) ভাল ছেলে = **He is a good boy.**

তাহারা ভাল ছেলে = তাহারা (হয়) ভাল ছেলে = **They are good boys.**

তোমরা ভারী দুর্ব্বল = তোমরা (হও) ভারী দুর্ব্বল = **You are very weak.**

তুমি সাহসী নও = তুমি (হও না) সাহসী = **You are not brave.**

মনে রাখ—উপরোক্তরূপ বাক্যে ক্রিয়ার বর্ত্তমান কালে বাংলায় আমরা **'হই, হও, হয়' ব্যবহার করি না**। কিন্তু ইংরেজীতে ' I ' এর

সঙ্গে 'am' এবং 'we বা you' এর সঙ্গে 'are' এবং 'he, she বা it' এর সঙ্গে 'is' এবং 'they' এর সঙ্গে 'are' দিতে হইবে। Common Noun এর Singular number এর পূর্ব্বে একটি article (a, an, বা the) বসাইতে হইবে।

বাংলা কর :—

This is a house. That is a new school. These blue (নীল) pencils are yours. Those two new books are his. The fat (মোটা) cat is theirs. Mira is my sister. She is well.

ইংরেজি কর :—

তুমি ছাত্র (= তুমি হও একটি ছাত্র) (student)। তুমি (হও) ভাল ছাত্র। তোমরা (হও) খুব ভাল ছাত্র। সে (হয় একজন) ভিক্ষুক (beggar)। সে (হয়) একজন অন্ধ (blind) ভিক্ষুক। তাহারা সকলে ভিক্ষুক। এই (this) বালকটি (হয়) তাহার পৌত্র (grandson)। ঐ লাল কলমটি (হয়) আমার (mine)। এইগুলি (these) (হয়) তোমাদের বাড়ী। ঐ ঘোড়াগুলি (those horses) (হয়) আমাদের (ours)। ওখানে (there) একটি কুকুর আছে। মতি ভাল আছে।

B

তুমি কি (হও) ক্লান্ত ? ... Are you tired ?

সে কি (হয়) মিথ্যাবাদী ? ... Is he a liar ?

রমেশ কি ভাল নয় ? ... Is not Ramesh good ?

সে কি একটি ভাল ছেলে নয় ? Is he not a good boy ?

মনে রাখ—জিজ্ঞাসা বুঝাইলে বাক্যে (Interrogative Sentenceএ) ক্রিয়াটি কর্ত্তার (Nominative)এর পূর্ব্বে বসে। Not শব্দটি Noun এর পূর্ব্বে কিন্তু Pronoun এর পরে বসে।

Exercises

বাংলা কর :—

Is the boy strong (বলবান) ? Are not the knives (ছুরিগুলি) sharp (ধারাল) ? Are not mangoes very cheap (সস্তা) there ? Is he not a very poor (গরীব) boy ? Is he not your old grand father (ঠাকুর দাদা) ? Am I not weak (দুর্ব্বল) ? Are you not tall (লম্বা) ?

ইংরেজি কর :—

যতীশ কি (হয়) একটি ভাল ছেলে ? রমেশ কি (হয়) ধনী (rich) ? তুমি কি বেঁটে (short) নও ? বিমল কি বিশ্বাসী (faithful) নয় ? তাহারা কি ভাল খেলোড়ার (players) নয় ?

LESSON IV

বর্ত্তমান কাল—Present Tense (*Continued*)

Verb "to have" (থাকা)

A

আমার আছে—I have. তোমার আছে—You have.
তাহার আছে— He has. তাহাদের আছে—They have.
আমার তিনটি লাটিম আছে—I have three tops.
তোমাদের দুইটি কুকুর আছে—You have two dogs.
রামের একটি বল আছে—Ram has a ball.
তাহার অনেকগুলি ঘোড়া আছে—He has many horses.

মনে রাখ—'আমি আছি—I am,' কিন্তু 'আমার আছে—I have.'

B

আমাদের বাড়ী নাই—We have no house.
তোমার নূতন বই নাই—You have no new books.
রামের সার্ট নাই—Ram has no shirt.
তাহাদের দুইখানি মোটর গাড়ী নাই—They have not two motor cars.

মনে রাখ—আমার কাপড় নাই=আমার আছে না কাপড়—I have no cloth.

C

তোমার কি ঘড়ি আছে ?—Have you a watch ?
না, নাই—No, I have not.
অমিয়র কি ছাতা আছে ?—Has Amiya an umbrella ?
হাঁ, আছে—Yes, he has.
প্রতুল ও দিলীপের কি পেন্সিল আছে ?—Have Pratul and Dilip pencils ?
না, নাই—No, they have not.
কলিকাতায় কি তাহার কোন বাড়ী আছে ?—Has he any house in Calcutta ?
কলিকাতায় তাহাদের কোন বাড়ী নাই কি ?—Have they not any house in Calcutta ?

মনে রাখ—Interrogative sentence-এ verb-টি Nominative-এর পূর্ব্বে বসে। প্রশ্নের উত্তর 'হাঁ' বা 'না' সূচক হইলে কিরূপ লিখিতে হয়, উপরে লক্ষ্য কর।

Exercises

বাংলা কর :—

The girl has two pens. We have a faithful (বিশ্বাসী) servant. Have you no new coat ? Has that old man any son ? Have the Mitras any garden at Dum Dum ?

ইংরেজি কর :—

মতির তিনটি বাক্স আছে। আমাদের ৫টি নারিকেল (coconut) গাছআছে। ঐ অন্ধ লোকটির টাকা পয়সা (money) নাই। পুতুলটির (doll) চক্ষু নাই। রেঙ্গুনে তোমাদের কোন বাড়ী আছে কি ? এখানে তাহার কোন আত্মীয় (relation) নাই কি ? না, নাই। হাঁ, আছে। তাহাদের দুই জন বিশ্বস্ত পাচক (cook) নাই কি ? গরুর একটি লম্বা লেজ (tail) আছে। ঐ ভদ্রলোকটির (gentleman) একটি হাতঘড়ি (wrist-watch) আছে।

LESSON V

বর্ত্তমান কাল—The Present Tense (*Continued*)

A

আমি যাই—**I go.** আমরা বাড়ী যাই—**We go home.**
সে আমাদের বাড়ীতে রোজ আসে—**He comes to our house everyday.**
তাহারা প্রতি সন্ধ্যায় আমাদিগকে গল্প বলেন—
They tell us stories every evening.
রামবাবু আমাদিগকে অঙ্ক শেখান—
Ram Babu teaches us Mathematics.

মনে রাখ—(i) Come, go: প্রভৃতি verb-এর পর home (বাড়ী) শব্দটির পূর্ব্বে '**to**' বসে না। (ii) Sentence-এর subjectটি third person, singular number-এর হইলে verb-এর সঙ্গে '**s**' বা '**es**' যোগ করিতে হয়।

B

আমি এই কাজ করি না—**I do not do this work.**
সে তোমাদের বাড়ী যায় না—**He does not go to your house.**
ছেলেরা মিথ্যা কথা বলে না—**The boys do not tell lies.**
তোমরা ঐ নদীতে সাঁতার কাট না—**You do not swim in that river.**
আমরা চা খাই না—**We do not take tea.**

মনে রাখ—Verb 'to be' ও 'to have' ইত্যাদি ভিন্ন অন্য verb এর 'না' অর্থ (Negative) প্রকাশ করিতে হইলে, 'to do' verb-এর সাহায্য লইতে হয়। এই 'do'র কোন অর্থ নাই।

C

আমরা কি এই কাজ করি? Do we do this work ?
তোমরা কি বিছানায় ঘুমাও? Do you sleep in bed ?
তাহারা কি স্কুলে যায় না? { Do they not go to school ? / Don't they go to school ? }
মধু কি বালকটিকে ভালবাসে না? Does not Madhu love the boy ?
কেন মধু বালকটিকে ভালবাসে না? Why does not Madhu love the boy ?
তুমি কোথায় যাও? Where do you go ?
তুমি কাহাকে চাও? Whom do you want ?
তাহারা কি বলে? What do they say ?
কখন ভূপাল তথায় যায়? When does Bhupal go there ?
সে কোন্ কলমটি বেশী পছন্দ করে? Which pen does he prefer ?

মনে রাখ—(i) প্রশ্ন-বাচক বাক্যে (Interrogative Sentenceএ) 'be, have, shall, will' ইত্যাদি verb না থাকিলে 'do' verb এর সাহায্য লইতে হয়। 'Do' verbকে কর্ত্তার পূর্ব্বে বসাইয়া কর্ত্তার পর মূল verb দিতে হয়। এই 'do'র কোন অর্থ নাই।

(ii) Do not-এর পরিবর্ত্তে don't ব্যবহার করিলে don't কথাটি কর্ত্তার (nominative এর) পূর্ব্বে বসে।

বাংলা কর :—

He lends (ধার দেওয়া) money. We do not borrow (ধার করা) money. The dog barks (ডাকে) at night. I do not know you. Does he sell fruits ? Do you not buy mangoes ? What do you want ? Do you do this everyday ? Does the beggar (ভিক্ষুক) come to our door at noon (মধ্যাহ্নে) ? Does he not obey (মান্য করা) his teacher ?

ইংরেজি কর :—

আমরা বাজারে যাই। তাহারা কোথায় (where) বসে ? কখন (when) তুমি বাড়ী হইতে (from) রওনা হও (start) ? বাস খানা (the bus) এখানে থামে (stop) না। মণি প্রত্যহ স্কুলে যায়। তোমাদের স্কুল কি দশটায় বসে (sit) ? মেয়েরা কখন ঘুম হইতে উঠে (get up) ? তোমাদের কুকুরটা রাত্রে ডাকে (bark) কি ? ক্লাশে কি তুমি রবিকে দেখ না ? তাহারা আলস্যে (idly) সময় কাটায়। শিশুটি কি সন্ধ্যাবেলা চন্দ্র দেখে ? তুমি কি আমাকে সেই (that) গল্পটি বল ? সূর্য্য পৃথিবীর (the earth) চতুর্দ্দিকে (round) ঘুরে (move) না। তুমি কি তাহার নিকট (to) একখানা পত্র (letter) লেখ (write) না ?

LESSON VI

Revision

আমি ভাল আছি—I am well.

আমি ভাল নই—I am not well.

আমি কি ভাল আছি ?—Am I well ?

আমি (হই) একটি ভাল ছেলে—I am a good boy.

আমার একটি কুকুর আছে—I have a dog.

আমার বিড়াল নাই—I have no cat.

আমার কি কুকুর আছে ?—Have I a dog ?

আমি একটি কাজ করি—I do a work.

আমি কাজ করি না—I do not do a work.

আমি কি একটি কাজ করি ?—Do I do a work ?

Exercises

বাংলা কর ঃ—

Suresh is my brother. He has many books. He goes to school everyday. Do you know him ? Is he here before you ? Has he any book in his bag ? Where does he go ? He goes to school. He plays in the field every evening. The teachers love him very much. Do you not wish to be like him (তাহার মত) ?

ইংরেজি কর ঃ—

বিড়াল চতুষ্পদী (four-footed) জন্তু (animal)। ইহার ধারাল (sharp) নখ (nails) আছে। উহা দ্বারা (with) সে ইঁদুর ধরে (catches)। সে ইঁদুর লইয়া খেলে। তারপর (then) উহাকে মারিয়া ফেলে (kills)। তুমি কি তোমার সম্মুখে একটি বিড়াল দেখ না ? উহা (হয়) আমার। আমি উহাকে খুব ভালবাসি। সে আমার সঙ্গে খায় ও ঘুমায়। তুমি একটা বিড়াল রাখ (keep) না কেন ?

LESSON VII

অতীত কাল (Past Tense)

A

আমি বাড়ী ছিলাম—**I was at home.**

তুমি স্কুলে ছিলে—**You were at school.**

তুমি বাড়ীতে ছিলে না—**You were not at home.**

সে সাহসী ছিল—**He was brave.**

তাহারা সাহসী লোক ছিল—**They were brave men.**

রাম কি সৎ ছিল ?—**Was Ram honest ?**

তুমি তখন কোথায় ছিলে ?—**Where were you then ?**

মনে রাখ—(i) 'ছিলাম' 'ছিলে' ইত্যাদি থাকিলে অতীত কাল (Past tense) বুঝিতে হইবে।

(ii) I, he ও অন্যান্য Third person, Singular number এর Noun ও Pronoun এর সঙ্গে Verb 'to be'র Past Tense 'was' বসে। অন্য সকল প্রকার কর্ত্তার সঙ্গে 'were' বসে।

(iii) Interrogative sentenceএ 'was' বা 'were' subject এর পূর্ব্বে বসে।

Exercises

বাংলা কর :—

She was a good girl. My brother was a player. Mati was very weak. Was Ramesh very intelligent (বুদ্ধিমান)? Was there any book in his bag? The girl was a milk-maid (গোয়ালিনী)। Was not the boy dull (বোকা)? Was not the old man blind?

ইংরেজি কর :—

এই লোকটি ধনী ছিল। গোপাল বেশ বলবান ছিল। তোমাদের কুকুরটা বেশ মোটা ছিল। আমার একটা লাল পেন্সিল ছিল। মাষ্টার মহাশয়ের একটি ছেলে ছিল। তোমার কি একটি ফুটবল ছিল? আমার কোন চেয়ার ছিল না। রহিম কি গরীব ছিল? রামের কি একটা সাদা বিড়াল ছিল না? বঙ্কিমবাবু কি একজন বড় লেখক (writer) ছিলেন না?

B

তোমার বই ছিল—You had books.
তোমাদের একখানা বাড়ী ছিল—You had a house.
তাহার একটি বলবান ঘোড়া ছিল—He had a strong horse.

তাহাদের কি ঘরে টাকাকড়ি ছিল ?—Had they money in the house ?

রামের কি একখানা নূতন মানচিত্র ছিল না ?—Had Ram no new map ?

[লক্ষ কর—আমি ছিলাম—I was ; কিন্তু আমার ছিল—I had.]

বাংলা কর :—

Mati had a dog. You had no cat. Jadu and Rahim had a ball. Had the baby a ball ? Had the boys kites ? I had no money. Had they no tops ? Had not the girls new clothes ?

ইংরেজি কর :—

প্রদীপের একটি লাট্টু ছিল। লতিফের একখানা নূতন বই ছিল। তাহাদের একটি বড় হাতী ছিল। আমাদের কি একখানা পুরাতন বই ছিল ? তোমাদের কি একটি চাকর (servant) ছিল ? তাহাদের কি কোন বাড়ী ছিল না ? তাহার কি একটি কালো কলম ছিল ? হরির কি একখানা বড় গাড়ী ছিল না ? হাতিটির কি মোটা পা ছিল ? তাহাদের কি একখানা পুরাতন বাড়ী ছিল না ?

শূন্যস্থানে :—'Was,' 'were' বা 'had' এর মধ্যে যেখানে যাহা উচিত মনে কর বসাও :—

The boy——clever. They——my brothers. I——not well. We——in the field. ——he intelligent ? ——Ram and Ramen happy ? You——a fine shirt. ——we a big house ? Pratul——no books. ——not

Swapan a wooden (কাঠের) horse ? ——they not a bag ?

ভুল সংশোধন কর ও বাংলা কর ঃ—

Ram and Shyam was a good boy. I were not at school. They was not at home. Were Pradip not ill ? Was not you active (কর্ম্মঠ) ? Nabin was a cat. Was Rahim a ball ? They were no car.

LESSON VIII

Form of Some Common Verbs.

Present Tense	*Past Tense*	*Past Participle*
Be (হওয়া)	was (were) ছিল	been
Buy (ক্রয় করা)	bought (ক্রয় করিয়াছিল)	bought
Drink (পান করা)	drank	drunk
Drive (তাড়ান)	drove	driven
Fight (যুদ্ধ করা)	fought	fought
Give (দেওয়া)	gave	given
Have (আছে)	had	had
Hid (লুকান)	hid	hidden
Lie (শয়ন কর)	lay	lain
Lose (হারান)	lost	lost

Present Tense	Past Tense	Past Participle
Lend (ধার দেওয়া)	lent	lent
Make (প্রস্তুত করা)	made	made
Read (পড়া)	read (রেড্)	read (রেড্)
Ring (বাজান)	rang	rung
Shine (কিরণ দেওয়া)	shone	shone
Sleep (ঘুমান)	slept	slept
Stand (দাঁড়ান)	stood	stood
Steal (চুরি করা)	stole	stolen
Take (লওয়া)	took	taken
Throw(নিক্ষেপ করা)	threw	thrown
Work (কাজ করা)	worked	worked
Write (লেখা)	wrote	written

LESSON IX

A

তাহারা এখানে আসিয়াছিল—They came here.

আমরা চোরটিকে ধরিয়াছিলাম—We caught the thief.

মা আমাকে একটি আম দিলেন—Mother gave me a mango.

পুলিশ গাঁটকাটাকে গ্রেপ্তার করিল—The police arrested the pick-pocket.

মনে রাখ—ক্রিয়ার সঙ্গে 'ছিলাম, ছিল' ইত্যাদি যুক্ত হইলে অতীত কাল বুঝা যায়। তখন Verbএর Past Tense ব্যবহার করিতে হয়। যথা, 'Came, caught, gave, arrested' ইত্যাদি।

B

সে (আসিয়াছিল + না) = আসে নাই—He did not come.
তুমি (গিয়াছিলে + না) = যাও নাই—You did not go.
রাম তাহার বই (পড়িয়াছিল + না) = পড়ে নাই—Ram did not read his book.

মনে রাখ—অতীত কালে Negative Sentenceএ Be, do, have, shall, will ইত্যাদি না থাকিলে 'did' এর (সাহায্যকারী 'do' verb এর Past Tense) সাহায্য নিতে হয়। উহা মূল verbএর পূর্ব্বে বসে আর মূল verbটির Present Tense হয়।

লক্ষ্য কর :—আমি আসি না—I do not come. কিন্তু আমি আসি নাই—I did not come.

Exercises

বাংলা কর :—

Your brother went to our house yesterday. I bought (ক্রয় করা) fish from the market. He did not listen to my word (কথা শুনা). You had no bedding (বিছানাপত্র) with you.

ইংরেজি কর :—

তাহারা মাঠে দৌড়াইয়াছিল। তাহারা তাহাদের পিতার সহিত পাটনা গিয়াছিল। তুমি আমাকে কাল দেখ নাই। অপর্ণা গান করে

নাই। সূর্য্য আজ উদিত হয় (rise) নাই। বীরেন গরুটিকে তাড়াইয়া দিয়াছিল (drove away)। সেই ছেলেটি আমার বই চুরি করিয়াছিল। মানিক বেঞ্চে উপর দাঁড়ায় নাই। সে চেয়ারের উপর বসিয়াছিল।

LESSON X

অতীত কাল—Past Tense (*Continued*)

A

তিনি রোজ বেড়াইতেন—He would walk everyday.

দিদি আমাকে ভালবাসিতেন—My elder sister would love me.

আমরা সকালে বাহির হইতাম—We would go out in the morning.

মনে রাখ—অভ্যাস বুঝাইলে 'খাইত, করিত, বেড়াইতেন,' ইত্যাদি ক্রিয়ার অনুবাদ would দ্বারা করিতে হয়। Would এর পরিবর্ত্তে 'used to'ও ব্যবহার করা যায়। যথা, আমি রুটি খাইতাম অর্থাৎ রুটি খাইতে অভ্যস্ত ছিলাম—I would take bread or I used to take bread.

B

তোমরা কি মাঠে গিয়াছিলে ? Did you go to the field ?

সে কি তোমার সহিত দেখা করিয়াছিল ? Did he see you ?

রমেশ কি গতবৎসর পরীক্ষা দিয়াছিল ? Did Ramesh appear at the examination last year ?

কখন এখানে আসিয়াছিলে ? When did you come here ?

লক্ষ্য কর :—জিজ্ঞাসা বুঝাইলেও be, do, have, shall, will ইত্যাদি verb না থাকিলে অতীত কালে didএর সাহায্য লইতে হয়। ইহাকে কর্তার পূর্ব্বে বসাইয়া পরে মূল verbএর present tenseএর form দিতে হয়।

Exercises

বাংলা কর :—

Grandfather would tell us stories every evening. Rahim used to swim (সাঁতার কাটা) in the river. I would do two sums (অঙ্ক কসা) in the class. Did the boy cry for his mother ? Did you not see an aeroplane in the sky ? Did you talk to Mahatma Gandhi ? Did the boy write to Pandit Nehru ?

ইংরেজি কর :—

আমি প্রতিদিন এই পুকুরে মাছ ধরিতাম (fish)। বালিকাটি ভোরে ফুল তুলিত (pluck)। আমরা সকাল সন্ধ্যায় ভগবানের নিকট প্রার্থনা করিতাম (pray)। ভিখারিটি ঐ রাস্তায় যাইত। তুমি কি আমাকে চিনিয়াছিলে ? তাহারা কি বাড়ী গিয়াছিল ? বাবা দুইখানা বই লিখিয়াছিলেন। তুমি কি ঘরের মধ্যে কাহাকেও (anybody) দেখিয়াছিলে ?

LESSON XI

Revision

আমি ছিলাম—I was. আমার ছিল—I had.
আমি ভাল ছিলাম—I was well. তাহার ছিল—He had.
সে সুস্থ ছিল না—He was not well.
আমরা কি ভাল ছিলাম—Were we well ?
আমার একটি লাটিম ছিল—I had a top.
তোমার লাটিম ছিল না—You had no top.
তাহার কি একটি লাটিম ছিল ?—Had he a top ?
আমি গিয়াছিলাম—I went.
আমি বাড়ী গিয়াছিলাম—I went home.
আমি বাড়ী যাই নাই—I did not go home.
আমি কি বাড়ী গিয়াছিলাম ?—Did I go home ?

Exercises

বাংলা কর :—

Jatin was a good boy in his child-hood (ছেলেবেলায়)। He had many books. He would read them morning and evening. He was very kind also. He had a small money-bag. He would put all his money in it. One day a beggar came to his door. The beggar had only one leg. Jatin gave him all the money from his money bag. Did you ever (কখনও) do this ?

ইংরেজি কর ঃ—

গতকল্য আমি বড় অসুস্থ (ill) ছিলাম। আমার জ্বর (fever) হইয়াছিল। আমি স্কুলে আসি নাই। বাবা রাত্রে রুটি খাইতেন। আমি দিনে ভাত খাইতাম। তুমি কি বাড়ী গিয়াছিলে ? এই গল্পটি তাহাকে বল নাই কেন ? ছেলেরা আজ স্কুলে আসিয়াছিল। রমেশ তাহার বই পড়ে নাই। এই অঙ্কগুলি (sums) তুমি কর (do) নাই। রামের একখানা নূতন বই ছিল। আমার ঘড়ি ছিল না। নরেনের কি একটি লাল ঘোড়া ছিল ?

LESSON XII

ভবিষ্যৎ কাল—(Future Tense)

A

Shall, Will—ব, বে, বা

হই (be) + (ব) (Shall, will) = হইব = Shall be, will be.

খাই (eat) + ব (Shall, will) = খাইব = Shall eat, will eat.

যাই (go) + বে (Shall, will) = যাইবে = Shall go, will go.

আসি (come) + বা (Shall, will) = আসিবা = Shall come, will come.

তুমি একজন বড়লোক হইবে = You will be a great man.

আমি চাঁদ দেখিব = I shall see the moon.

তোমরা ফুটবল খেলিবে = You will play football.

সে ফিরিয়া আসিবে = He will come back.

রহিম একটা কমলালেবু কিনিবে = Rahim will buy an orange.

মনে রাখ—ক্রিয়া 'ব, বে,' কিম্বা বা' দ্বারা যুক্ত থাকিলে ভবিষ্যৎ কাল হয়। তখন মূল ক্রিয়ার পূর্ব্বে shall বা will ব্যবহার করিতে হয়। 'হইব,' ও 'হইবে' অর্থে 'shall be' অথবা 'will be' হইবে, অন্যত্র am, is, are হয়। যথা, আমি হই—I am. কিন্তু আমি হইব—I shall be.

B

সে সৎ হইবে না—He will not be honest.

তোমরা আমার নিকট আসিবে না—You shall not come (নিশ্চয়তা বুঝাইলে) to me.

তাহারা বাড়ী যাইবে না—They shall not go (আদেশ) home.

তোমরা সর্ব্বদা সত্য কথা বলিবে—You shall always speak (উপদেশ) the truth.

আমি বাজারে যাইব না—I will not go (সঙ্কল্প) to market.

নরেশ কি আজ স্কুলে যাইবে ?—Will Naresh go to school to-day ?

আমি কি তোমার মত বলবান হইব না ?—Shall I not be so strong as you ?

মনে রাখ—(i) 'I' কিম্বা 'we'র সহিত will ও অন্যান্য কর্ত্তার সহিত shall ব্যবহার করিলে 'নিশ্চয়তা' 'সঙ্কল্প', 'আদেশ' 'উপদেশ' ইত্যাদি বুঝায়।

(ii) প্রশ্নবাচক বাক্যে 'shall' কিম্বা 'will'কে সর্ব্বপ্রথম বসাইতে হয়।

Exercises

বাংলা কর ঃ—

He will go to Delhi. You shall serve (সেবাকরা) your parents (মাতাপিতা). I shall be at home after 5 o'clock. Our school will re-open to-morrow. The teacher will fine (জরিমানা করা) your brother. You shall not eat rotten (পচা) things (জিনিষ). Ramen will return (ফিরিয়া আসা) home before evening (সন্ধ্যা). Will you fish (মাছ ধরা) in the river ? Will they go to the field (মাঠে) with me ? Will my father excuse (ক্ষমা করা) me ?

ইংরেজি কর ঃ ঃ—

আমরা বাগানে বেড়াইব। মানিক বাজার হইতে আম কিনিবে। তোমরা রোজ মাঠে খেলিবে (উপদেশ)। আর (again) তাহার মুখ দেখিব না (প্রতিজ্ঞা)। প্রত্যহ তুমি তোমার পড়া (learn lessons)

করিবে (আদেশ)। সুরেশ ও আমি আজ সিনেমায় (cinema) যাইব। দাদা (elder brother) আজ বাড়ী পৌছিবেন না (reach)। তাহারা কি পাখী শিকার করিবে (hunt) ? রাখাল বাবু কি আমাদিগকে আজ ইংরেজী পড়াইবেন (teach) ?

LESSON XIII

ঘটমান বর্ত্তমান কাল—(Present Continuous Tense)

আমি (লিখি + তেছি) লিখিতেছি—I *am* (*write* + *ing*) *writing*.

শিবু তাহার বই (পড়ি + তেছে) পড়িতেছে—Sibu *is* (*read* + *ing*) *reading* his book.

পণ্ডিত জওহরলাল কলিকাতা আসিতেছেন—

Pandit Jawharlal *is coming* to Calcutta.

বেলা কি স্কুল হইতে আমাদের বাড়ী যাইতেছে ? *Is* Bela *going* to our house from school ?

রমেশ ও সুরেশ কি ক্লাশে অঙ্ক করিতেছে ? *Are* Ramesh and Suresh *doing* sums in the class ?

রাম কেন উপেনের সঙ্গে ঝগড়া করিতেছে ? Why *is* Ram *quarrelling* with Upen ?

মনে রাখ—(i) 'তেছি, তেছ, তেছে' ক্রিয়ার সহিত যুক্ত হইলে তাহার অনুবাদ 'I' এর সঙ্গে 'am', এবং he বা অন্য Third person, Singular number এর Noun বা Pronoun এর কর্তার সঙ্গে 'is' এবং

অন্য সকল Noun বা Pronoun এর সঙ্গে 'are' কর্ত্তার ঠিক পরে বসাইয়া মূল Verb-এর সঙ্গে 'ing' যোগ করিয়া দিতে হয়। 'Ing' যোগ করিলে verb-এর শেষের 'e' লোপ পায়। যথা, write+ing=writing, bite+ing=biting ইত্যাদি।

(ii) জিজ্ঞাসা বুঝাইলে verb 'to be'কে (অর্থাৎ am, is, are) কর্ত্তার পূর্ব্বে বসাইতে হয়।

Exercises

বাংলা কর :—

He is writing a letter to his mother. The dogs are barking from that house. Is he not doing the sum ? The gardener (মালি) is watering (জল দিতেছে) the plants (চারাগাছগুলি). Leaves are falling off (ঝরিয়া পড়া) the tree. Why are you not going to school ? Are the boy flying kites (ঘুড়ি) in the afternoon (অপরাহ্ন) ? Why are you running in the sun ?

ইংরেজি কর :—

মৌমাছিরা গুন্‌গুন্ করিতেছে (humming)। কাঠুরিয়া (wood-cutter) একটি আমগাছ কাটিতেছে। বিড়ালটি ঘরের মধ্যে মিউ মিউ করিতেছে (mewing)। দুইজন লোক এইদিকে (this way) আসিতেছে। ছেলেরা পুকুরে সাঁতরাইতেছে (swimming)। নৌকাগুলি কি নদীতে পাল দিয়া (sailing) যাইতেছে ? তোমার বাবা কি বর্দ্ধমান হইতে আসিতেছেন ? ছেলেরা তাহাদের বই পড়িতেছে না কেন ? আমরা ২ খানা গল্পের বই (story book) লিখিতেছি। লোকটি কি বাজারে আম বিক্রয় করিতেছে (selling) ?

LESSON XIV

ঘটমান অতীত কাল—Past Continuous Tense

সূর্য্য অস্ত যাই**তেছিল**—The sun was setting.

আমি বিছানায় নিদ্রা যাই**তেছিলাম**—I was sleeping in the bed.

আমরা সেই সময় পর্ব্বতে আরোহণ করি**তেছিলাম**—We were then climbing up the hill.

তোমরা কি তথায় লাট্টু ঘুরাই**তেছিলে**?—Were you spinning tops there?

কর্ম্মকার কি একখানা কুঠার তৈয়ার করি**তেছিল** না?—Was not the blacksmith making an axe?

মনে রাখ—(i) ক্রিয়ার শেষে 'তেছিলাম, তেছিল, তেছিলে,' ইত্যাদি যুক্ত থাকিলে, তাহার অনুবাদ করিতে 'I' ও 'he' বা অন্যান্য Third person, Singular number এর Noun ও Pronoun এর কর্ত্তার সহিত 'was' ও অন্যান্য কর্ত্তার সহিত 'were' উহার পরে বসাইয়া মূল verb এর শেষে 'ing' যোগ করিতে হয়।

(ii) জিজ্ঞাসা বুঝাইলে 'was' বা 'were'কে কর্ত্তার পূর্ব্বে বসাইতে হয়।

Exercises

বাংলা কর:—

The farmers were sowing (বুনিতেছিল) seeds (বীজ). I was talking with him. The man was resting under the tree. The boys were throwing stones in water. Were you

bathing (স্নান করা) in the river ? The mice (ইঁদুরগুলি) were running about (ইতস্ততঃ) in the room. Was Bimal a good boy ? Were they tending cows (গরু চরান) by the side of (পার্শ্বে) the hill ? When were you seeing the aeroplane ? Were the girls singing (গান করা) in the morning ?

ইংরেজি কর ঃ—

তুমি তখন ঘুমাইতেছিলে। লীলা ভাত খাইতেছিল। মা দুগ্ধ জ্বাল দিতেছিলেন (boiling)। শিশুটি তাহার মাতার জন্য কাঁদিতেছিল। মাষ্টার মহাশয় আমাদিগকে অঙ্ক শিখাইতেছিলেন (teaching)। আমি বাজারে মাছ কিনিতেছিলাম। রাস্তায় তুমি কি (what) করিতেছিলে ? আমাদের চাকরটি (servant) গাছ হইতে আম পাড়িতেছিল (plucking)। উড়োজাহাজটি নীচের দিকে (downwards) আসিতেছিল কি ? মা রান্নাঘরে (kitchen) রান্না করিতেছিলেন (cook) কি ? তুমি কি তখন স্কুলে যাইতেছিলে ? ছেলেরা মাঠে বল খেলিতেছিল কি ?

LESSON XV

ঘটমান ভবিষ্যৎ কাল—(Future Continuous Tense)

তোমরা পড়িতে থাকিবে—You will be reading.

আমরা ঘরে ঘুমাইতে থাকিব না—We shall not be sleeping in the room.

বিনয় কি অঙ্কগুলি করিতে থাকিবে ?—Will Benoy be doing the sums ?

মনে রাখ—'করিতে থাকিব, যাইতে থাকিবে' ইত্যাদির অনুবাদ করিতে হইলে মূল verb এর পূর্ব্বে 'will be' অথবা 'shall be' বসাইয়া verb এর সঙ্গে 'ing' যোগ করিতে হয়।

Exercises

ইংরেজি কর ঃ—

ছয়টা অবধি ছেলেরা খেলিতে থাকিবে। লোকটি দ্বারে দ্বারে (from door to door) ভিক্ষা করিতে আসিবে। বালিকারা গান করিতে থাকিবে। আমরা নদীর ধারে বেড়াইতে থাকিব। আমি পাখী শিকার (shoot) করিতে থাকিব। মজুরেরা কি (labourers) মাঠে কাজ করিতে থাকিবে? বালিকাটি কি সন্ধ্যাবেলা গান করিতে থাকিবে? আমরা সকালে গঙ্গার দিকে হাঁটিতে থাকিব।

LESSON XVI

Revision

A

আমি ফুটবল খেলিতেছি—I am playing football.
তাহারা কি বাড়ী যাইতেছে ?—Are they going home ?
গোপাল কি বই পড়িতেছে ?—Is Gopal reading a book ?

B

আমরা চন্দ্র দেখিতেছিলাম—We were seeing the moon.
তুমি তখন ঘুমাইতেছিলে—You were sleeping then.
সে কি বাজারে যাইতেছিল ?—Was he going to market ?

C

তোমরা খেলিতে থাকিবে—You will be playing.
ছেলেটি পড়িতে থাকিবে—The boy will be reading.
আমি কি লিখিতে থাকিব না ?—Shall I not be writing ?

Exercises

বাংলা কর ঃ—

I am writing on paper. We were walking along this way. Are the boys making a noise ? You will be sleeping then. Was Ram looking at the moon ? Shall I be working in the factory ? Were Madhu and Jadu reading books ?

ইংরেজি কর ঃ—

তাহারা তখন নদীতে সাঁতার দিতেছিল (swimming)। বাঘটা একটা গরু লইয়া যাইতেছিল (carry)। পাখীগুলি আকাশে উড়িতে থাকিবে। মেয়েরা কি গান গাহিতে থাকিবে ? সাপটা এইদিকে আসিতেছে। তুমি কি তোমার বই পড়িতে থাকিবে ? উমা ও রমা মার জন্য কাঁদিতেছে। তপন ও প্রভাত কি বাড়ী যাইতেছিল ? অবনি

সকালে নদীর ধারে বেড়াইতে থাকিবে। ইলা কি তাহার মায়ের নকিট এই গল্পটি বলিতে থাকিবে?

Easy passages for Translation :—

(a) আমি বাড়ী যাই। তথায় আমার বাবা ও মা বাস করেন। আমার একটি ভাই ও দুইটি বোন আছে। আমাদের একটি কালো কুকুর ও একটি মোটা বিড়াল আছে। তাহারা আমাকে কামড়ায় না। একদিন একটা চোর (thief) আসিয়াছিল। কুকুরটা তাহাকে কামড়াইয়াছিল। তুমি আমাদের বাড়ী যাইবে। কুকুরটা তোমাকে কামড়াইবে না (will not bite)।

(b) আমার বাবা দয়ালু (kind hearted)। তিনি ভিক্ষুককে (beggar) পয়সা দেন। একটি খোঁড়ালোক (lame person) আমাদের বাড়ী আসিয়াছিল। বাবা তাহাকে একখানা কাপড় দিলেন। আমি চাউল দিলাম। সে চলিয়া গেল। তুমি কি তাহাকে দেখিয়াছিলে? তাহার কেহ নাই। সে বড় গরীব (poor)। তাহার চুল পাকা, দাঁত নাই, হাত পা ময়লা (dirty। সে বড় দুর্ব্বল (weak)। তুমি তাহাকে সাহায্য করিবে (help)।

(c) আমার দাদার (elder brother) নাম জান কি? তিনি ভাল ছেলে। সকলে তাঁহাকে ভালবাসে। তিনি রোজ (everyday) তাঁহার বই পড়েন, সময়মত (in time) স্কুলে যান। কাহারও সহিত ঝগড়া করেন না। প্রধান শিক্ষক মহাশয় বলেন যে তিনি একজন বড় লোক হইবেন।

(d) তুমি কি ফুল ভালবাস? আমাদের বাগানে অনেক ফুল ফোটে (bloom)। উহারা সুন্দর। গোলাপ ফুলের রাণী। তাহা কি তুমি জান? তোমাদের কি বাগান আছে? রমেশের একটি বাগান ছিল।

LESSON XVII

পুরাঘটিত বর্ত্তমান (Present Perfect Tense)

আমি স্কুলে (আসি + য়াছি) আসিয়াছি—I *have come* to school.

গোপাল পরীক্ষায় পাশ (করি + য়াছে) করিয়াছে—
Gopal *has passed* the examination.

তোমরা অন্যায় (করি + য়াছ) করিয়াছ—You *have done* wrong.

সে কি আমাকে ডাকিয়াছে ?—*Has* he *called* me ?

তাহারা বাড়ী হইতে (আসিয়াছে + না) আসে নাই—
They *have* not *come* from home.

রাম মিথ্যা কথা (বলিয়াছে + না) বলে নাই—Ram *has* not *told* a lie.

তুমি কি গান্ধিজীকে দেখিয়াছ ?—*Have* you *seen* Gandhiji ?

ঘোড়াগুলি কি মাঠে দৌড়াইয়াছে ?—*Have* the horses *run* in the field ?

আমি তাহাকে গত সপ্তাহে দেখিয়াছি (দেখিয়াছি = দেখিয়াছিলাম)—I saw him last week.

তুমি আমাকে এ সংবাদটি পূর্ব্বে দাও নাই—You did not give me this news before.

মনে রাখ—ক্রিয়ার শেষে 'ইয়াছি, ইয়াছ, ইয়াছে' যুক্ত থাকিলে, তাহার অনুবাদ করিতে Nominativeএর পর 'have' ও তাহার পর main verb এর past participle দিতে হয়। Nominative যদি Third person, Singular number এর হয়, তবে 'have' এর স্থলে 'has' বসিবে। Interrogative Sentenceএ 'have' বা 'has' Nominative এর পূর্ব্বে দিতে হয়।

বিশেষ লক্ষ্য কর—(i) যাই—go, যাই **না**—*do* not *go.* যাই **নাই**—*have* not *gone,* (did not go—অতীত কাল বুঝাইলে)।

(ii) বাক্যে অতীতকালসূচক adverb (যথা, 'গতকল্য, গত বৎসর' ইত্যাদি) থাকিলে, 'দেখিয়াছি, করিয়াছ, গিয়াছ' প্রভৃতি ক্রিয়ার অনুবাদ Past Tense দিয়া করিতে হয়। যথা, আমি **গতকল্য** আসিয়াছি—I came *yesterday.* **গত বৎসর** তোমাকে দেখি নাই—I did not see you *last year.*

Exercises

বাংলা কর :—

The boy has gone to school. I have seen a lion in the Zoo (চিড়িয়াখানা). The girls have read their books. He has heard the speech (বক্তৃতা). You have done this wrong (অন্যায়). He has told me this news (সংবাদ). Dipak has swum across the river. Kalidas has written Sakuntala. You have made a mistake. How have you come here ?

ইংরাজি কর :—

আমি ভাত খাইয়াছি। রমেশ আমার জামা ছিড়িয়া ফেলিয়াছে (torn)। তোমরা তাহার অপমান করিয়াছ (insult)। অন্ধ লোকটি

(blind man) মারা গিয়াছে। আমরা আমাদের কর্ত্তব্য (duty) করিয়াছি। সে তোমাকে ডাকিয়াছে কি ? তোমার পত্র পাই নাই। তোমরা চিড়িয়াখানায় হস্তী দেখিয়াছ কি ? আমি কোন প্রশ্নই ছাড়ি (omit) নাই। তোমার বাবা আরোগ্য লাভ করিয়াছেন (recover)। সে কাল বাড়ী হইতে আসিয়াছে। তুমি কি তাহাকে গত সপ্তাহে পত্র লিখিয়াছ ? পাখীগুলি কি ঐ গাছ হইতে উড়িয়া (fly) গিয়াছে ? তাহারা এলাহাবাদ গিয়াছেন। আমি গত বৎসর একবার কাশ্মীর গিয়াছি।

LESSON XVIII

Articles

A

এক, একটি—A, An

একটি মানুষ—A man
একটি বালক—A boy
ভেড়ী—A ewe
একটি বাড়ী—A house
একটি শৃঙ্গ—A horn
একটি শৃগাল— A jackal
একটি নিব—A nib

একটি পিপীলিকা—An ant
একটি কান—An ear
একটি ঘণ্টা—An hour
একটি হোটেল—A hotel
একটি দোয়াত—An inkpot
একটি ষাঁড়—An ox
একটি কমলালেবু—An orange

একটি বিশ্ববিদ্যালয়—A University

একটি ছাতা—An umbrella

একজন বি. এ. পাশ লোক —A B. A.

একজন এম. এ. পাশ লোক —An M. A.

B

টা, টি, খানি, খানা—The

মেয়েটি—The girl

গরুটি, গরু—The cow

পৃথিবী—The earth

চন্দ্র—The moon

সূর্য্য—The sun

আকাশ—The sky

সাগর—The sea

যুগান্তর—The Jugantar

ইংরেজ জাতি—The English

রামায়ণ—The Ramayan

বাইবেল—The Bible

কোরাণ—The Quoran

১৫ই জুন—The 15th. of June

বেদ—The Vedas

হিমালয় পর্ব্বতশ্রেণী—The Himalayas

নাগা জাহাজ—The Naga

আন্দামান দ্বীপপুঞ্জ—The Andamans

মিত্র পরিবার—The Mitras

C

কুকুর (জাতি)—The dog

একটি কুকুর (যে কোন কুকুর)—A dog

কুকুরগুলি—Dogs

মানুষ (জাতি)—Man

মানুষগুলি—Men

গরু দুধ দেয়—

(1) (গো জাতি বুঝাইলে)—The cow gives milk.

(2) (যে কোন গরু বুঝাইলে)—A cow gives milk.

(3) (গরুগুলি বুঝাইলে)—Cows give milk.

মানুষ মরে=(মানুষ জাতি)—Man dies.

(মানুষগুলি মরে)—Men die.

D

বিড়াল (জাতি) ইঁদুর ধরে—The cat catches the rat.

বিড়ালেরা ইঁদুর ধরে—Cats catch rats.

তোমাদের বাড়ীর বিড়ালটা (নির্দ্দিষ্ট) ইঁদুর ধরে না—The cat of your house does not catch a rat.

মানুষ (জাতি) কথা বলে—Man speaks.

মানুষগুলি কথা বলে—Men speak.

এই বাড়ীর মানুষটি (নির্দ্দিষ্ট) কথা বলে না—The man of this house does not speak.

মনে রাখ—জাতি বা নির্দ্দিষ্ট জীব বুঝাইলে 'The' এই articleটি উহার পূর্ব্বে দিতে হয়।

Exercises

A বা An বসাইয়া শূন্য স্থান পূর্ণ কর ও অর্থ বল :—

— ass. — ewe. — lion. — dog. — inkpot.
— eagle. — fish. — infant. — hour. — hand.
— European. — umbrella. — B. A. — M. A.
— hotel. — M. E. School. — College. — man.

ইংরেজি বল :—

একটি বিড়াল। বিড়ালটি। বিড়াল (জাতি)। তোমাদের পুকুরের (tank) মাছ। গীতা। মহাভারত। বাইবেল। কোরাণ। বিন্ধ্যপর্ব্বত। ব্রহ্মপুত্র। নদ। কুকী জাহাজ। মানুষ (জাতি)। লোকটি। এই সহরের লোকগুলি।

ইংরেজি বল :—

ব্যাঘ্র কথা বলে না। গরু দুধ দেয়। পাখীরা গান করে। কুকুর মাংস খায়। বিড়াল মাছ ভালবাসে। মানুষ হাসে।

বাংলা কর :—

Boys like noise. The boys of class V do not like noise. Man sleeps. The tiger eats meat. Tigers drink. The tigers of this forest do not get meat.

LESSON XIX

Some Interrogative Pronouns

কে, কাহারা (যে, যাহারা)—Who

কাহার, কাহাদের (যাহার, যাহাদের)—Whose

কাহাকে, কাহাদিগকে (যাহাকে, যাহাদিগকে)—Whom

কোন, কোনটি, কোনটিকে (যাহা, যাহাকে,যাহাদিগকে) কোনগুলিকে, } —Which

কি, (যাহা-তাহা) কোন—What

সেখানে কে ?—Who is there ?
সেখানে কে কে ?—Who are there ?
কেমন করিয়া সে ইহা করিয়াছে ? How has he done this ?

কে তোমায় ডেকেছে ?—Who *has* called you ?
কে কে (কাহারা) তোমায় ডেকেছে ?—Who *have* called you ?

তুমি কাহাকে সেখানে দেখিয়াছিলে ?—Whom *did* you see there ?

সে কাহার কলম নেয় ?—Whose pen does he take ?
এই ঘোড়াগুলির মধ্যে তুমি কোনটি বেশী পছন্দ কর ?—
Which of these horses do you prefer ?
এই বাড়ীগুলির মধ্যে কোনটি নূতন ?—Which of these houses is new ?

তুমি কি চাও ?—What do you want ?
তোমার নাম কি ?—What is your name ?
সে তোমাকে কি বলিয়াছিল ?—What did he tell you ?

Exercises

ইংরেজি কর :—

আমি কে ? সে কোথায় থাকে ? গরু কি খায় ? তোমার ছেলেরা কোন ক্লাসে পড়ে ? কেন তুমি বাজারে গিয়াছিলে ? রোগী (patient) কেমন আছে ? তোমার দাদা কি করেন ? ট্রেন কখন ছাড়ে (start) ?

সে তোমার কে হয় ? রমেশ কি পড়ে ? সে এখন ওখানে কেন ? সেই লোকটি কেমন ? সে কখন শোয় (go to bed) ? কেন তোমরা গোলমাল কর ? ঐ কুকুরগুলির মধ্যে তুমি কোনটি চাও ? রাম কাহাকে মারিয়াছিল ? এই বাড়ী কাহার ? বাড়ীতে এখন কে কে থাকে ?

শূন্যস্থানগুলি who, which, what, how, why ইত্যাদির মধ্যে উপযুক্ত শব্দ দ্বারা পূরণ কর :—

— do they make noise ? — shall I do this ? — go there ? — house is that ? — do you do this ? — book do you want ? — do you love ? — do you want ? — of these houses is old ? — do you go ?

LESSON XX

Imperatives

A	B
ইহা কর—Do this.	ইহা করিও না—Do not do this.
ভিতরে এস—Come in.	ভিতরে আসিও না—Do not come in.
চন্দ্রের দিকে তাকাও—Look at the moon.	চন্দ্রের দিকে তাকাইও না—Do not look at the moon.
গান গাও—Sing a song.	গান গাহিও না—Do not sing a song.

এখন খেলা কর—Play now. এখন খেলা করিওনা—Do not play now.

C

প্রস্তুত হও—Be ready. চুপ কর—Be silent.
তাড়াতাড়ি কর—Make haste (or Hurry up).
আমার কথা শুনুন—Please listen to me.
আমার প্রতি দয়া করুন—Have mercy on me.

D

আমি এখন যাই—Let me go now.
তাহাকে বসিতে দাও—Let him sit down.
এস, আমরা বাড়ী যাই—Come, let us go home.

Exercises

ইংরেজি কর :—

কাপড় ছাড় (put off)। আমার কাছে বস। বেঞ্চের উপর দাঁড়াও। চোরটাকে ধর। চুরি করিও না (steal)। তাড়াতাড়ি (fast) পড়িও না। আর (more) ঘুমাইও না। তাহাকে আমটি খাইতে দাও। ক্লাসে গোলমাল করিও না। চল, আমরা উদ্যানে যাই। একটা পয়সা দিন। সে বিশ্রাম (rest) করুক। সময় নষ্ট করিও (lose) না।

বাংলা কর :—

Wait a bit. Push him down. Leave the room. Go out. Come in. Please do this. Let me have the pen. Let Ram swim. Do not milk the cow now. Do not sit up (জেগে থাকা) all night

LESSON XXI

Infinitives

আমি খেলিতে ভালবাসি—I like *to play.*

আমাকে যাইতে দাও—Let me *go.*

চল বেড়াইতে যাই—Let us *go to* walk.

তিনি আমাকে দেখিতে আসিয়াছিলেন—He came *to see* me.

আমি তাহাকে কাঁদিতে শুনিয়াছিলাম—I heard him *cry.*

তিনি আমাকে দাঁড় করাইয়াছিলাম—He made me *stand up.*

তাহার এখানে আসিবার কথা আছে—He *is* to *come* here.

আমার সেখানে যাইবার কথা ছিল—I *was* to *go* there.

আমার সেখানে যাইতে হইবে (বাধ্যতা)—I *have* to *go* there.

তাহাকে অপেক্ষা করিতে হইয়াছিল (বাধ্যতা)—He *had to* wait.

Exercises

ইংরেজি কর :—

রমেশ বসিতে চায়। সে এখানে আসিতে প্রস্তুত (ready)। রামের সহিত খেলিতে যাইও না। বাঘ মাংস (flesh) খাইতে ভালবাসে। আমাকে দেখিতে এস। আমরা গান শুনিতে গিয়াছিলাম। আমার দার্জিলিং যাইবার কথা আছে। তাহার এই কাজ করিবার কথা ছিল।

সে আমাকে বাজারে যাইতে বলিয়াছে। তিনি আমাদ্বারা কাজটি করাইয়া লইলেন (get done)। তোমার বাড়ীতে আমাকে যাইতে হইবে। তাহাকে পাঁচটি অঙ্ক করিতে হইয়াছিল। তাহাকে যাইতে দাও। আমি তাহাকে কাঁদিতে দেখিয়াছিলাম।

LESSON XXII

বিশেষণের তারতম্য

Comparison of Adjectives

Positive

সে ভাল—He is *good*.
তুমি দরিদ্র—You are *poor*.
রাম বলবান ছিল—Ram was *strong*.
লীলা সুন্দরী—Lila is *beautiful*.
এই কূপটি গভীর—This well is deep.

Comparative

তাহার চেয়ে তুমি ভাল—You are *better than* he.
আমি তোমার চেয়ে দরিদ্র—I am *poorer than* you.
কানু রামের চেয়ে বলবান ছিল—Kanu was *stronger than* Ram.
ইলা লীলার চেয়ে বেশী সুন্দরী—Ila is *more beautiful than* Lila.
দুইটি কূপের মধ্যে এইটি বেশী গভীর—This is the *deeper of* the two wells.

Superlative

আমি সকলের চেয়ে ভাল—I am *the best of* all.
সে সকলের চেয়ে দরিদ্র—He is *the poorest of* all.
মানুষ সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান—Man is *the most intelligent of* all.
শীলা সর্ব্বাপেক্ষা সুন্দরী—Sila is *the most beautiful of* all.
ঐ কূপটি সর্ব্বাপেক্ষা গভীর—That *is the deepest* well.

মনে রাখ—এক বা একের বেশী লোকের বা বস্তুর সঙ্গে তুলনা বুঝাইলে বাংলায় 'চেয়ে, মধ্যে বা অপেক্ষা' এইরূপ একটা শব্দ যোগ করিয়া বিশেষণের পরিমাণাদি বুঝা যায়। ইংরেজীতে একজনের সহিত তুলনায় এইরূপ অর্থে অনুবাদ করিতে Adjective এর শেষে 'er' অথবা Adjectiveটি দুই syllable এর বড় হইলে তাহার পূর্ব্বে more ব্যবহার করিতে হয়। একের বেশীর সহিত তুলনা করা হইলে 'est' অথবা শব্দটি দুই syllable এর বড় হইলে 'most' ব্যবহার করিতে হয়। যথা,—redder, reddest এবং more beautiful, most beautiful ইত্যাদি।

Exercises

বাংলা কর :—

The tree is tall. This tree is higher than that tree. This is the highest tree in the forest. He was a clever boy. He was more clever than you. He was the cleverest of all. Nabin is older than Satish by four years. Shushila was the older of the two sisters. Mr. Henry Ford was one

of the richest men in America. He is the eldest son of his father.

ইংরেজি কর :—

সে ভাল লোক। তুমি তাহার চেয়ে ভাল। আমি সর্ব্বাপেক্ষা ভাল। সূর্য্য পৃথিবীর চেয়ে বড়। গোলাপ অন্য সকল ফুল অপেক্ষা সুন্দর। ক্লাসের মধ্যে মতি সকলের চেয়ে ভাল ছেলে। তিনি তোমার চেয়ে জ্ঞানী (wise)। চতুষ্পদ জন্তুর (four-footed animal) মধ্যে হস্তী সকলের চেয়ে বড়। ঘৃত দুগ্ধ অপেক্ষা বেশী পুষ্টিকর (nutritious)। আমার পিতা সর্ব্বাপেক্ষা বৃদ্ধ। ধাতুর মধ্যে লৌহ সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় (useful)। স্বপন তপন অপেক্ষা দুই বৎসরের (by two years) ছোট (younger than, junior to)। পৃথিবীর সর্ব্বাপেক্ষা জ্ঞানী লোকদের মধ্যে গান্ধীজী একজন।

LESSON XXIII

Introductory "There", The Pronoun 'It'

A

নীচের বাক্যগুলির অনুবাদ লক্ষ্য কর :—

There (*Introductory*)

বাগানে ফুল নাই—There are no flowers in the garden.

টেবিলের উপরে একখানা বই আছে—There is a book on the table.

এখানে একটি কুকুর ছিল—There was a dog here.

তোমাদের গাঁয়ে কি কোন স্কুল নাই ?—Is there no school in your village ?

তাহার বইখানিতে কতগুলি পাতা আছে ?—How many pages are there in his book ?

এইরূপ বাক্যে 'there' ব্যবহার করিয়া অনুবাদ করিতে হয়। এখানে 'there'এর কোন অর্থ নাই।

ইংরেজি কর :—

বাজারে মানুষ নাই। এই স্কুলে অনেক ছাত্র আছে। তোমার দোয়াতে কালি নাই। রাস্তায় কাদা (mud) আছে। ঘরে আলো আছে। সেখানে একজন সওদাগর (merchant) বাস করিত। ঘরের মধ্যে দুই খানি চেয়ার ছিল। বাড়ীতে কি কোন (any) লোক ছিল ? নদীতে জল নাই। এই গ্রামে কি কোন কুম্ভকার (potter) আছে ?

B

নীচের বাক্যগুলির অনুবাদ লক্ষ্য কর :—

It (*Introductory*)

ভোর হইয়াছে—It is dawn. বৃষ্টি হইবে—It will rain.

আজ প্রাতে মেঘ হইয়াছিল—It was cloudy this morning.

আটটা বাজিতে চলিল—It is about to strike eight.

পাঁচটা বাজিয়াছে—It is 5 o'clock.

দশটা বাজিতে দশ মিনিট বাকী—It is ten minutes to ten.

সাড়ে চারটা বেজেছে—It is half past four.

এখন আটটা বে'জে পনর মিনিট— It is now a quarter past eight.

কথিত আছে—It is said.

সেই একাজ করিয়াছে—It is he who has done this.

এইরূপ স্থানে '**It**' ব্যবহার করিয়া অনুবাদ করিতে হয়। '**It**'-এর কোন অর্থ এখানে হয় না।

Exercises

ইংরেজি কর :—

বলা সহজ (**it is easy**)। এখন গ্রীষ্মকাল। তখন বড় গরম ছিল। সকালে উঠা ভাল। শিলা পড়িতেছে (**is hailing**)। দিনের বেলায় ঘুমান ভাল নয়। এখন বেলা আড়াইটা। দশটা বাজিতে চলিল। এখন বারটা বেজে সাত মিনিট। সাতটা বাজিতে বার মিনিট বাকী। শ্যামাপদই প্রথম আসিয়াছিল। গতকল্য এখানে বৃষ্টি হইয়াছিল। পিতামাতার আদেশ মান্য করা (**obey**) আমাদের একান্ত (**bounden**) কর্ত্তব্য।

LESSON XXIV

Can (পারা), Could (পারিত, পারিয়াছিল)

(শক্তি বা ক্ষমতা আছে বুঝায়)

আমি পারি—I can. আমি পারিতাম—I could.
তুমি সাঁতরাইতে পার—You can swim.
তুমি সাঁতরাইতে পারিতে—You could swim.
সে পারে না—He cannot.
সে পারিত না—He could not.
সে বই পড়িতে পারে না—He cannot read books.
সে বই পড়িতে পারিত না—He could not read books.
তাহারা কি লিখিতে পারে ?—Can they write ?
তোমরা কি সাঁতার কাটিতে পারিতে ?—Could you swim ?
মতি কি পড়িতে পারে না ?—Cannot Mati read ?
তাহারা কি পড়িতে পারিত না ?—Could not they read ?
রাম বই পড়িতে পারিত (কিন্তু পড়ে নাই)—Ram could have read books.
সে কাজটি করিতে পারিত (কিন্তু করে নাই)—He could have done the work.

Exercises

ইংরেজি কর :—

বালিকাটি কথা বলিতে পারে। বালিকাটি কথা বলিতে পারে না। তোমরা কি দৌড়াইতে পার ? সে কি তাড়াতাড়ি হাটিতে পারে না ?

শিশুটি পারে। তাহারা কি অঙ্ক করিতে পারে ? সে বাজারে যাইতে পারিত (কিন্তু যায় নাই)। তুমি তাহাকে একখানা পত্র লিখিতে পারিতে (কিন্তু লেখ নাই)। আমি তিনটি পাখী দেখিতে পারিতাম। আমি সমুদ্র (sea) দেখিতে পাই নাই। রাম এই কাজ করিতে পারিত না।

LESSON XXV

May, Might—(পারা)

(সম্ভাবনা, অনুমতি, ইচ্ছা ও আশীর্ব্বাদ বুঝায়)

(a) সম্ভাবনা

সে আসিতেও পারে—He *may* come.
সে আসিতে পারিত—He *might* come.
তাহারা নাও আসিতে পারে—They *may* not come.
তাহারা নাও আসিতে পারিত—They *might* not come.
আমি বাড়ী যাইতে পারি—I *may* go home.
আমি বাড়ী যাইতেও পারিতাম—I *might* go home.

(b) অনুমতি

সে ঘুমাইতে পারে—He *may* sleep.
সে ঘুমাইতে পারিত—He *might* sleep.

মহাশয়, আমি কি বাহিরে যাইতে পারি ?—Sir, *may* I go out ?

বাহিরে যাইতে পারিতাম কি ?—*Might* I go out ?

তোমরা সেখানে গেলেও যাইতে পারিতে (কিন্তু যাও নাই)—You might have gone there.

(c) ইচ্ছা ও আশীর্ব্বাদ

সে সুখী হউক—May he be happy.

ছেলেটি দীর্ঘজীবি হউক—May the boy live long.

তোমরা জীবনে উন্নতি কর—May you prosper in life.

বাছা, সুখে স্বচ্ছন্দে থাক—May you live in peace and plenty, my child.

Exercises

ইংরেজি কর :—

তাহারা সুখী হউক। তুমি বইখানা পাইতে পার। হরি না আসিতে পারে। মহাশয়, আমি ভিতরে আসিতে পারি কি ? তুমি এখন বাড়ী যাইতে পার। আমি নাও খাইতে পারি। সে গেলেও যাইতে পারিত (কিন্তু যায় নাই)। সে কি এখন ঘুমাইতে পারে ? আপনার পুত্র ভাগ্যবান (**fortunate**) হউক। তোমরা ধনী হও।

LESSON XXVI

(a) উচিত—Should (ought to)

A

Present Tense

তোমার সেখানে যাওয়া উচিত—You should go there.
(You ought to go there).

তাহার এই কাজ করা উচিত—He should do this work.
(He ought to do this work.)

রৌদ্রে বাহির হওয়া তাহার উচিত নয়—He should not go out in the sun. (He ought not to go out in the sun.)

B

Past Tense

তোমার সেখানে যাওয়া উচিত ছিল—You should have gone there. (You ought to have gone there).

তাহার এই কাজ করা উচিত ছিল—He should have done this work. (He ought to have done this work.)

রৌদ্রে বাহির হওয়া তাহার উচিত হয় নাই—He should not have gone out in the sun. (He ought not to have gone out in the sun.)

Exercises

ইংরেজি কর :—

তাহার ফিরিয়া আসা (come back) উচিত। আমাদের অলস (idle) হওয়া উচিত নয়। শিক্ষক মহাশয়কে তোমাদের ভক্তি করা (respect) উচিত। আমাদের দরিদ্রদিগকে (the poor) সাহায্য করা উচিত। তোমাদের প্রত্যহ খেলা করা উচিত। তথায় যাওয়া আমার উচিত হয় নাই। স্কুলে আসা তোমাদের উচিত ছিল। আমাদের চেষ্টা করা উচিত ছিল। আজ তোমার ভাত খাওয়া (take rice) উচিত হয় নাই।

LESSON XXVII

(b) Must (অবশ্য)

তোমাকে কাল অবশ্যই আসিতে হইবে—You must come to-morrow.

আমরা অবশ্যই এখন স্কুলে যাইব—We must go to school now.

সে নিশ্চয়ই পাগল—He must be mad.

আমরা একদিন অবশ্য মরিব—We must die one day.

তুমি নিশ্চয়ই পুরী গিয়া থাকিবে—You must have gone to Puri.

Exercises

ইংরেজি কর :—

তোমাকে অবশ্য বাড়ী যাইতে হইবে। সকল মনুষ্যই অবশ্য মরিবে। তুমি অবশ্যই একখানা পত্র (letter) লিখিবে। আমি তোমাকে এই গল্পটি বলিবই। রহিম কাল (to-morrow) নিশ্চয়ই আসিবে। রমেশ নিশ্চয়ই পাশ (pass) করিবে। আমি অবশ্যই তোমার সহিত দেখা (see) করিব। তোমরা নিশ্চয়ই পাখীটি দেখিয়া থাকিবে। তোমাকে শাস্তি দিবই (punish)। তাহারা নিশ্চই কলিকাতা পৌছিয়া থাকিবে।

LESSON XXVIII

ক্রিয়ার বিশেষণ (Adverbs and Adverbial phrases)

এখন—Now | আজকাল—Now-a-days
তখন—Then | এখানে—Here
সেখানে—There | কোথায়—Where
কখন—When | কেমন—How
কেন—Why | এইরূপ—So
প্রায়ই—Often | সর্ব্বদা—Always
আবার—Again | পূর্ব্বেই—Already

আজ—To-day আজরাত্রে—To-night

আগামী কল্য—To-morrow গতকল্য—Yesterday

সেই দিন—The other day

গত পরশ্ব—Day before yesterday

আগামী পরশ্ব—Day after to-morrow

সকালে—In the morning

প্রত্যুষে—At dawn ; early in the morning

এইমাত্র—Just now

শীঘ্র—Soon, shortly, quickly

রোজ—Daily, everyday

আজকাল চাউলের দাম অনেক—Rice is very dear now-a-days.

সে প্রায়ই আমাদের বাড়ী আসে—He often comes to our house.

আমি ইহা পূর্ব্বেই শুনিয়াছি—I have already heard this.

LESSON XXIX

অব্যয় (Prepositions)

A

(কলম) দিয়া—With (a pen)
নিকটে—Near
পার্শ্বে—By
হইতে—From
কলিকাতায়—*In* Calcutta
স্কুলে (যাই)—(go) *To* school
দিনে—*At* daytime
নীচে—Under
পিছনে—Behind
পরে, পিছনে—After
ঘরের মধ্যে—*In* the room
ঢাকায়—*At* Dacca
রাত্রে—*At* night
উপরে—On

সে কি কাজে আছে ?—What is he at ?
তুমি কি মতলবে আছ ?—What are you after ?
রাম কোন্ স্কুলে পড়ে ?—What school is Ram at ?
তুমি কোন্ ক্লাসে পড় ?—What class are you in ?
বাক্সটি কাপড় রাখিবার জন্য—The box is to keep clothes in.

চেয়ারটি বসিবার জন্য—The chair is to sit on.
রবিবার এসো—Come on Sunday.
চন্দ্রের দিকে তাকাও—Look at the moon.
ঘরের মধ্যে যাই—I go into the room.

B

অব্যয় (Conjunctions)

এবং—And
অথবা—Or
যদি—If
কিন্তু—But
যে—That
কারণ—Because
যেহেতু—Since, as
সুতরাং—So, therefore

মাঠে যাইয়া খেলা কর—Go to the field and play.
এখানে এসে দাঁড়াও—Come here and stand up.
এই ছাতাটি লইয়া বাজারে যাও—Take this umbrella and go to market.
সে ঘরে গিয়া শুইয়া পড়িল—He went into the room and lay down.

C

অব্যয় (Interjections)

হা, হা, কেমন মজা—Ha ! Ha ! What a fun !
আঃ, কপাল—Ah me !
হায় ! আমি গেছি—Alas, I am undone !
হা ভগবান্ ! একি—Oh God ! What is this ?
কি আশ্চর্য্য ! এও কি হয় ?—How strange ! Is this possible ?

সাবাস্, তুমি দৌড়ে জিতেছ—Bravo ! You have won the race.

যাও যাও, আমায় বিরক্ত করিও না—Tut-tut ! Don't tease me.

Exercises

ইংরেজি কর :—

(a) প্রত্যূষে শয্যা ত্যাগ করিবে (leave)। তাড়াতাড়ি হাত মুখ ধোও (wash)। এখন কোথায় থাক ? তাহারা সর্ব্বদা সত্যকথা বলে। গত পরশ্ব মধুকে মাঠে দেখিয়াছি। এইমাত্র তাহার পত্র পাইলাম। আমাদের চাকর রোজ পোষ্টাফিসে যায়। কখন বাড়ী হইতে আসিয়াছ ? কেমন করিয়া উচ্চ পাহাড়ের উপর উঠিয়াছিলে (climb) ? তোমাকে তাহা পূর্ব্বেই বলিয়াছি।

(b) বিড়ালটা বাক্সের পিছনে। তুমি কোথা হইতে আসিতেছ ? রমেশ ছুরি দিয়া আঙ্গুল (finger) কাটিয়া ফেলিয়াছে (cut)। দিনের বেলায় ঘুমাইও না। সুরেশ আমার পার্শ্বে বসিয়াছিল। চেয়ারখানি তিন পায়ের উপর খাড়া আছে (stands)। বাঘটি ঝোপের (bush) নিকটে ছিল। কুকুরটা চোরের (thief) পিছনে তাড়া করিল। ঘরের মধ্যে কতকগুলি (some) লোক ঘুমাইতেছে। ছেলেরা তাড়াতাড়ি ষ্টেশনে গেল।

(c) লোকটি গরীব কিন্তু সৎ (honest)। তিনি বলিলেন যে তিনি অসুস্থ (ill)। যদি তুমি আস, তবে আমি যাইব। বিনয় ও ধীরু বাজারে যাইতেছে। যতীন অথবা ললিত এই কাজ করিয়াছে।

যেহেতু আপনার বিলম্ব হইয়াছে, আপনাকে ভুগিতে হইবে (have to suffer)। আমার জ্বর হইয়াছিল ; সুতরাং আমি দুই দিন স্কুলে উপস্থিত হইতে (attend) পারি নাই।

Passages for Translation.

(a) নবীন নামে (named) একটি ছেলে ছিল। তাহার বয়স ছিল নয় বৎসর। সে খেলা করিতে খুব ভালবাসিত। সে সারাদিন খেলা করিত। কখনও লেখাপড়া করিত না। এজন্য সে কিছুই শিখিতে পারিল না। মাষ্টার মহাশয় তাহাকে রোজই শাস্তি দিতেন (punish)। সে আর বিদ্যালয়ে যাইত না। সকলে তাহাকে ঘৃণা করিত (hated)।

(b) রমার একটি গাভী আছে। সে দুগ্ধ দেয়। রমা তাহা পান করে। গাভীটি কালো। তাহার একটি বাচ্ছা আছে। রমার স্বাস্থ্য ভাল (healthy)। আমি রমাকে চিনি। তুমি তাহাকে দেখিয়াছ কি ? সে কোথায় বাস করে ? ঐ বাড়ী তাহাদের। বাড়ীটি কি ভাল !

(c) সাড়ে দশটা বাজিয়াছে। স্কুলে ছেলেরা আসিতেছে। ১১টায় আমাদের স্কুল (sits)। চল স্কুলে যাই। জামা পর (put on)। আমি বই লইয়াছি। তোমার বই কোথায় ? তাড়াতাড়ি কর (make haste)। কাল আমাদের দেরি হইয়াছিল। আজ ঠিক সময়ে যাইব। শিক্ষক মহাশয় কাল আমাদের উপর রেগে গিয়েছিলেন

(was angry)। আজ দেরি হইলে, ক্লাশে ঢুকিতে (enter) দিবেন না (allow)।

(d) তোমরা নেতাজীর নাম শুনিয়াছ কি ? তাঁহার নাম শ্রীসুভাষ চন্দ্র বসু। তিনি বাঙ্গালার গৌরব (glory)। তিনি দেশের স্বাধীনতার (liberty) জন্য কষ্টভোগ করিয়াছেন (suffer)। তাঁহাকে দেশ ত্যাগ (leave) করিতে হইয়াছে। এখনও তিনি ফিরিয়া আসেন নাই। তিনি মহাত্মা গান্ধীকে খুব শ্রদ্ধা করিতেন (great regard)। মহাত্মাজী জাতির জনক (Father of the Nation)। আমরা সকলে উভয়কে ভালবাসি ও ভক্তি করি (respect)।

(e) আমরা স্কুলে পড়িতে যাইতেছি। এখন খেলিব না। এখন পড়িবার সময় পড়িবার সময়ে খেলা করিলে লেখাপড়া শিখিতে পারিব না। শিক্ষক মহাশয় আমাকে পড়িবার সময় (time for reading) পড়িতে (to read) ও খেলিবার সময় খেলিতে বলিয়াছেন। আমি তাহাই করিব। এ জন্য আমি সকলের প্রিয়। তুমিও তাহাই করিও।

(f) ধান (paddy) হইতে আমরা চাল (rice) পাই। চাল আমাদের প্রধান খাদ্য (staple food)। পৃথিবীর অনেক লোক চাল খাইয়া জীবন ধারণ করে (live on)। তোমরা অনেকেই ধান গাছ (paddy plant) দেখিয়াছ। উহা ৩ হইতে ৬ হাত (cubit) পর্য্যন্ত লম্বা (in length) হয় (grows)। যখন ধান গাছ জন্মে, তখন মাঠ দেখিতে কি সুন্দর ! তখন মাঠখানাকে একখানা সবুজ মখমল (velvet)

বলিয়া মনে হয় (looks like)। ধন্ পাকিলে (ripens) গাছগুলি হল্‌দে হয়।

(g) জল না হইলে আমাদের চলে না (we cannot do without)। সমুদ্র, নদী, নালা, পুষ্করিণী প্রভৃতিতে জল পাওয়া যায়। জল আমরা পান করি ও উহা দ্বারা যাবতীয় (all) দ্রব্য ধুইয়া সাফ করি (clean)। খারাপ জল পান করা (drink) উচিত নয়। ইহাতে আমাদিগকে অনেক রোগ আক্রমণ (attacks) করে। মৃত্যুমুখেও পতিত হইতে পারি (die)। জলে নানারকম (various kinds) মাছ থাকে। সমুদ্রের জলে অনেক বড় বড় মাছ ও সামুদ্রিক (marine) জন্তু বাস করে। তাহাদের একটির নাম তিমি (whale)। তুমি তিমি দেখিয়াছ কি? আমরা জল পান করি, জলে স্নান করি ও উহা দ্বারা আমাদের খাদ্য রন্ধন (cook) করি।

———

PART—II

CONVERSATION

LESSON I

Has he a car ?—তাহার কি গাড়ী আছে ?
Yes, he has.—হাঁ, আছে।
No, he has not.—না, নাই।
Are they rich ?—তাহারা কি ধনী ?
Yes, they are.—হাঁ, তাহারা ধনী।
No, they are not.—না, তাহারা ধনী নয়।
Does he go to school ?—সে কি স্কুলে যায় ?
Yes, he does.—হাঁ, যায়।
No, he does not.—না, যায় না।

Exercises

ইংরেজি কর ঃ ঃ—

তাহাদের কি গাড়ী আছে। হাঁ, আছে। না, নাই। হারুর কি বিড়াল আছে ? হাঁ, আছে। না, নাই। সে কি বাড়ী যাইবে ? হাঁ, যাইবে। না, যাইবে না। তুমি কি গরীব ? না, তুমি গরীব নও। আমরা কি বাড়ী যাই ? হাঁ, যাই। না, যাইব না।

LESSON II

তুমি কে ?—Who are you ? আমি রবিন—I am Rabin.
তুমি কি চাও ?—What do you want ?
আমি একখানা বই চাই—I want a book.
কাকে চাও ?—Whom do you want ?
আমি রামকে চাই—I want Ram.
কোন্ কলমটি তুমি চাও ?—Which pen do you want ?
আমি কালো কলমটি চাই—I want the black pen.
তোমরা কোথায় থাক ?—Where do you live ?
আমরা আসানসোলে থাকি—We live at Asansol.
কখন গাড়ী ছাড়িবে ?—When will the train start ?
সাড়ে তিনটায় গাড়ী ছাড়িবে—The train will start at half-past three.
রমেশ কেন আসিয়াছে ?—Why has Ramesh come ?
সে আপনাকে এই খবর বলিতে আসিয়াছে—He has come to tell you this news.
তাহারা কোথা হইতে আসিয়াছে ?—Where have they come (do they come) from ?
তাহারা পাটনা হইতে আসিয়াছে—They have come from Patna.
তাহারা কেমন করিয়া আসিল ?—How did they come ?
তাহারা নৌকায় আসিয়াছে—They have come by boat.
তোমরা কেমন আছ ?—How are you ?
আমরা ভাল নাই—We are not well.

তোমার বাবা কি করেন ?—What is your father ?
আমার বাবা ডাক্তার—My father is a doctor.
তাহারা বিকালে কি করে ?—What do they do in the afternoon ?
তাহারা বিকালে খেলে—They play in the afternoon.
কি খেল ? (=কি খেলা খেলা কর=) What game do you play ?
আমরা হা-ডু-ডু খেলি—We play Ha-do-do.
তুমি ফুটবল খেলিতে পার ?—Can you play football ?
হাঁ, পারি !—Yes, I can.
না, পারি না !—No, I cannot.
তোমার বয়স কত ?—{ What is your age ? / How old are you ? }
আমার বয়স নয় বৎসর—I am nine. (অথবা I am nine years old.)
তোমরা ভাইবোনে কত জন ?—How many are you in brothers and sisters ?
আমরা ভাইবোনে চার জন—We are four in brothers and sisters.
কখন তোমাদের স্কুল বসে ?—When does your school sit ?

সাড়ে দশটায় আমাদের স্কুল বসে—Our school sits at half-past ten.

কখন তোমাদের ছুটি হয় ?—When does your school break up ?

বিকাল চারটায় আমাদের স্কুল ছুটি হয়—Our school breaks up at 4 P. M.

কখন তোমরা বাড়ী পোঁছাও ?—When do you reach home ?

চারটা বেজে পনর মিনিটে বাড়ী পোঁছাই—We reach home at quarter past four.

Exercises

ইংরেজি কর :—

শিক্ষক—হরি, তুমি এই কয়দিন স্কুলে আস নাই, কেন ?

হরি— মহাশয়, আমার জ্বর হইয়াছিল, কাজেই স্কুলে আসিতে পারি নাই।

শিক্ষক—এখন ভাল আছ ?

হরি— হাঁ মহাশয়, তিন দিন যাবত (for) জ্বর হয় না, কিন্তু বড় দুর্ব্বল।

শিক্ষক—খুব সাবধানে থাকিও। সবল না হওয়া পর্য্যন্ত (until you are strong) রৌদ্রে দৌড়াদৌড় করিও না।

LESSON III

Picture Conversation

Look at the pictures and answer :—

Do you know the person in the picture ? What is his name ? Where was he born When was he born ? Why do you know him ? What has he done to your country ? Do you know any of his friends ? Why is he called '*The Father of the Nation*' ?

Who are there ? Where are they ? Do you know them ? What are they doing ? What do they play with ? What is its shape ? Does the game do any good to us ? Do you play ? When do you play ? Why do you not play always ?

Whose picture is this ? What is he ? What does he carry ? What is in it ? Where will he go ? What is in his right hand ? When does he go home back ?

What do you see in the picture ? What is the cow doing ? What is it by her side ? What is it doing ? What are on the cow's head ? What does she live on ? What does she give us ? Have you any ? How should you treat her ?

Appendix

Transliteration

কিরূপে নাম লিখিতে হয় দেখ ঃ—

অ= } a ই } i,y উ } u, oo এ = e, a ও = o
আ= } ঈ } ঊ } ঐ = ai ঔ = ou

ক = { Ka, Ca খ = Kha, গ = Ga, ঘ = Gha, ঙ = ng

চ = Cha ছ = Chha জ = Ja ঝ = Jha ঞ = Ng
ট = Ta ঠ = Tha ড = Da ঢ = Dha ণ = Na
ত = Ta থ = Tha দ = Da ধ = Dha ন = Na
প = Pa ফ = { Pha, Fa } ব = { Ba, Va } ভ = { Va, Bha } ম = Ma
য = Ja র = Ra ল = La ব = Va হ = Ha
শ, ষ, স = Sa, Sha ক্ষ = Ksha
ক্ = K খ্ = Kh গ্ = G ঘ্ = Gh

এইরূপ অন্যগুলিতেও।

য় = y, য-ফলা = y, ম-ফলা = m, ব-ফলা = v

মতি = ম্ + অ + ত্ + ই
= M + A + T + I
= Mati.

মায়া = ম্ + আ + য় + আ
= M + A + Y + A
= Maya.

মধু—Madhu
খগেন—Khagen
ভুবন—Bhuban
কিঙ্কর—Kinkar
লাবণ্য—Lavanya

যতীন—Jatin
লতিকা—Latika
সুরেশ—Suresh
প্রফুল্ল—Praphulla
ধানবাদ—Dhanbad

লক্ষ্মণ—Lakshman